সংবাদ

তারিখ ... 24 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

# অধ্যাপক হলেন ২০২ জন কলেজ শিক্ষক

নিজস্ব বার্তা পরিবেশক

সহযোগী অধ্যাপক থেকে অধ্যাপক পদে পদোন্নতি পেয়েছেন সরকারি কলেজের ২০২ জন শিক্ষক। গতকাল শিক্ষা মন্ত্রণালয় শিক্ষকদের পদোন্নতির আদেশ জারি করেন। পদোন্নতি পাওয়া শিক্ষকদের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের (মাউশি) অধীনে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে।

এর আগে, বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের এসব সদস্যের পদোন্নতির জন্য গত শুক্রবার মাউশিতে এক সভা অনুষ্ঠিত হয়। ওই সভায় সভাপতিত্ব করেন শিক্ষা সচিব সোহরাব হোসাইন।

পদোন্নতি পাওয়া প্রফেসরদের মধ্যে ১৯৯ জন সরকারি কলেজের শিক্ষক এবং তিনজন সরকারি টিচার্স ট্রেনিং কলেজের শিক্ষক।